

অস্ট্রেলিয়ার নির্বাচনে লড়বেন বাংলাদেশী সাংবাদিক আবিদ রহমান

মোহাম্মদ আলী বোখারী, টরন্টো থেকে



এবার অস্ট্রেলিয়ার স্থানীয় সরকার নির্বাচনে পরিবেশবাদী গ্রীণ পার্টির প্রার্থী হয়ে লড়বেন বাংলাদেশের স্বনামধন্য সাংবাদিক, কলামিস্ট ও লেখক আবিদ রহমান।

সম্প্রতি মেলবোর্ণ থেকে প্রকাশিত গ্রীণ পার্টির মুখপত্র ‘গ্রীণ ভিক্টোরিয়া নিউজ’-এ ‘লোকাল গভর্নেন্ট ক্যান্ডিডেটস: গ্রেটার ডেভেলপং’ শিরোনামের এক সচিত্র প্রতিবেদনের শুরুতেই বলা হয়েছে, আউটার ইস্ট রিজিওনাল কাউন্সিল ক্যাসে কার্ডিনিয়া ডেভেলপং ব্রাঞ্চে তিনজনকে ২০১২ সালে

অনুষ্ঠিতব্য গ্রেটার ডেভেলপং কাউন্সিল নির্বাচনে মনোনয়ন দিয়েছে। তারা হচ্ছেন- আবিদ রহমান, ম্যাথিউ কিরওয়ান ও নিনা স্প্রিংগেল। এই সচিত্র প্রতিবেদনের পরিচিতি অংশে বলা হয়েছে, গ্রীণ পার্টির প্রার্থী হিসেবে সিলভারলিফ ওয়ার্ডে আবিদ রহমান ‘প্রি-সেলেক্টেড’ হয়েছেন। উত্তর নোবল পার্কসহ ডেভেলপং-এর সমগ্র উত্তর এলাকা সেটির অন্তর্ভুক্ত। আবিদের জন্ম বাংলাদেশে এবং লেখক-কলামিস্ট ছাড়াও তিনি টিভির একজন টক শো হোস্ট। ওয়েব জার্নাল রাখাল সম্পাদনাসহ ভূবণবাংলা’র প্রকাশক। বাংলাদেশের জাতীয় দৈনিক সমূহে তার লেখনী নিয়মিত প্রকাশ পায়। গত আট বছর ধরে অস্ট্রেলিয়ায় তিনি বসবাস করছেন। সম্প্রতি আনুষ্ঠানিকভাবে গ্রীণ পার্টিতে যোগদানের আগে বেশ কয়েক বছর তিনি দক্ষিণ-পূর্বাংশের শহরতলীতে দলের স্বেচ্ছাসেবী হিসেবে সহযোগিতা করেছেন। আবিদ প্রার্থী হয়েছেন এই মনে করে যে, নতুন দেশটিতে অবদান রাখা এবং একইসাথে উত্তর ডেভেলপং ও নোবল পার্কের কমিউনিটির জন্য তার সেবা প্রদানের সময় এসেছে। মেলবোর্ণের নাগরিক জীবনযাত্রায় বাংলাদেশীদের জন্য দৃষ্টান্ত সৃষ্টিও তার অন্যতম ইচ্ছা।

গত ৩০ আগস্ট ‘আবিদ রহমান - অস্ট্রেলিয়ার রাজনীতিতে বাংলাদেশী প্রভাব’ শিরোনামে প্রবাসী অন্যদেশ পত্রিকায় তার এক বিশদ সাক্ষাতকার ছাপা হয়। সেটির পটভূমিতে বলা হয়েছে, ‘এই খবরটি আকারে ছোট হতে পারে, কিন্তু এর বিশেষত্ব অনেক’। কেননা, ভিক্টোরিয়া অঙ্গরাজ্যে এই প্রথম কোনো বাংলাদেশী যিনি অস্ট্রেলিয়ার একটি বড় দল থেকে নির্বাচনে লড়বেন। এই সাক্ষাতকারে আবিদ রহমান বিভিন্ন প্রশ্নের জবাবে বলেছেন, বাংলাদেশীদের সংঘবদ্ধতা প্রার্থী হিসেবে তার উদ্দেশ্যকে অনেকখানি সফল করবে। সেই সংঘবদ্ধতা দিতে পারে নির্দিষ্ট কিছু বিষয়ে আলোচনা করার ক্ষমতা অর্জন। আর অপরাপর অভিবাসী কমিউনিটির মতো বাংলাদেশীরা শিক্ষকতা, শিশু পরিচর্যা ও অন্যান্য পেশায় নিজেদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করুক, মূলধারায় সেই প্রয়োজনটিই সমাধিক প্রচেষ্টায় তুলে ধরার প্রত্যাশা রাখেন আবিদ রহমান।

ই-মেইল: bukhari.toronto@gmail.com